

চট্টগ্রাম বোর্ডে কমেছে জিপিএ-৫, এগিয়ে মেয়েরা

নিজস্ব
প্রতিবেদক,
চট্টগ্রাম

১২ মে, ২০২৪
১৬:২৩

শেয়ার

অ +

অ -



ফাইল ছবি

চট্টগ্রাম বোর্ডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার ফলাফলে পাসের হার আগের চেয়ে বাড়লেও

জিপিএ-৫ প্রাপ্ত শিক্ষার্থীর সংখ্যা কমেছে। এই বোর্ডে ২০২৩ সালে এসএসসিতে পাসের হার ছিল ৭৮ দশমিক ২৯

শতাংশ। এবার তা থেকে ৪ দশমিক ৫১ শতাংশ বেড়ে পাসের হার দাঁড়িয়েছে ৮২ দশমিক ৮০ শতাংশ। আর গতবছর জিপিএ-৫ পেয়েছিল ১১ হাজার ৪৫০ শিক্ষার্থী।

এবার জিপিএ-৫ পেয়েছে ১০ হাজার ৮২৩ জন শিক্ষার্থী। গতবারের চেয়ে এবার জিপিএ-৫ প্রাপ্ত শিক্ষার্থী কমেছে ৬২৭ জন।

আজ রবিবার (১২ মে) সকালে ২০২৪ সালের এসএসসি ও সমমানের পরীক্ষার ফল প্রকাশিত হয়। দুপুরে চট্টগ্রাম শিক্ষা বোর্ডের এসএসসি পরীক্ষার ফল ঘোষণা করেন পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর এ এম এম মুজিবুর রহমান।

ফলাফল পর্যালোচনায় দেখা যায়, গত বছরের তুলনায় এবার পাসের হার কিছুটা বেশি। আর জিপিএ-৫ প্রাপ্তিতে শুধু গতবারের চেয়েই নয়, গত চার বছরের মধ্যে এবারই কম। সেইসঙ্গে কমেছে শতভাগ পাস করা বিদ্যালয়ের সংখ্যাও। গতবার ৪৫টি বিদ্যালয়ের শিক্ষার্থী শতভাগ পাস করেছে।

এবার এই সংখ্যা ৪৪। বোর্ডে এবারও ছাত্রদের তুলনায় ছাত্রীরা পাসের হার ও জিপিএ-৫ দুটোতে এগিয়ে আছে।

চট্টগ্রাম বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর এ এম এম মুজিবুর রহমান কালের কণ্ঠকে বলেন, গতবারের তুলনায় জিপিএ-৫ কমেলেও এই বছর পাসের হার বেশি। তবে গণিত ও উচ্চতর গণিত বিষয়ে ফলাফল অপেক্ষাকৃত কম ভালো হয়েছে। এই দুটি বিষয়ে ফলাফল আশানুরূপ হলে পাসের হার ও জিপিএ-৫ আরো বেশি হতে পারত।

বিশ্লেষণে আরো দেখা যায়, চট্টগ্রাম বোর্ডে এবার জিপিএ-৫ পেয়েছে ১০ হাজার ৮২৩ ছাত্রছাত্রী। এরমধ্যে ছাত্রী ৫ হাজার ৭৫০ জন এবং ছাত্র ৫ হাজার ৭৩ জন। এবার বোর্ডে মোট পরীক্ষার্থী ছিল ১ লাখ ৪৫ হাজার ৭৫৩ জন। এরমধ্যে পরীক্ষায় বসেছে ১ লাখ ৪৫ হাজার ২৪ জন। তাদের মধ্যে ছাত্রী ৮১ হাজার ৪৪৩ জন এবং ছাত্র ৬৩ হাজার ৫৮১ জন। ছাত্রী পাসের হার ৮৩ দশমিক ২১ শতাংশ এবং ছাত্র পাসের হার ৮২ দশমিক ২৯ শতাংশ। জিপিএ-৫ প্রাপ্তদের মধ্যে ছাত্র ৫ হাজার ৭৩ জন এবং ছাত্রী ৫ হাজার ৭৫০। এ দিকে বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা এই তিন বিভাগে গতবারের চেয়ে এবার পাসের হার বেশি।